

মিডল্ স্কুলের অফারগুলো এসে গেছে!

প্রিয় পিতামাতা/অভিভাবক,

শুভ সংবাদ—যদি আপনার সন্তান এই ফল-এ (হেমন্তে) মিডল্ স্কুলে প্রবেশ করে, তাহলে আপনি এখন তার অফারের চিঠি [মাইস্কুলস্-এ](#) দেখতে পাবেন! আপনি যদি অফারের চিঠি ডাকযোগে পাওয়ার অনুরোধ করে থাকেন, তাহলে এ সপ্তাহে একটি প্রিন্ট করা কপিও আপনার সন্তানের বাড়ির ঠিকানায় ডাকযোগে পাঠানো হবে। সে চিঠিতে অন্তর্ভুক্ত থাকবে:

- **আপনার সন্তানের মিডল্ স্কুল অফার:** এই অফার গ্রহণ করতে হলে আপনাকে কোনো কিছু করতে হবে না, এবং আপনার সন্তান এই হেমন্তে প্রোগ্রামটিতে যাওয়া শুরু করতে পারবে।
- **আপনার সন্তান যেসব প্রোগ্রামের অপেক্ষা-তালিকা বা ওয়েটলিস্টে রয়েছে, সেবিষয়ে তথ্য:** যেসব আবেদনকারী তাদের প্রথম পছন্দের প্রোগ্রাম থেকে অফার পায়নি, তারা যে প্রোগ্রাম থেকে অফার পেয়েছে সেটার উপরে আবেদনপত্রে তালিকাবদ্ধ সকল প্রোগ্রামের অপেক্ষা-তালিকা বা ওয়েটলিস্টে আপনাপনি স্থান পাবে—আরও জানুন schools.nyc.gov/Waitlists ওয়েবসাইটে।
- **এরপর কী করতে হবে** এবং এ সপ্তাহের শেষের দিকে অপেক্ষা-তালিকা বা ওয়েটলিস্ট প্রকাশের পর কীভাবে আপনার সন্তানকে অতিরিক্ত অপেক্ষা-তালিকায় যুক্ত করতে হবে (এটি ঐচ্ছিক)। যদি কোনো স্কুল একটি অপেক্ষা-তালিকা বা ওয়েটলিস্ট অফার প্রদান করে, তাহলে তারা আপনার সাথে সরাসরি যোগাযোগ করবে; অপেক্ষা-তালিকা থেকে অফার পাওয়া শিক্ষার্থীকে এক সপ্তাহের মধ্যে অফারটি গ্রহণ বা প্রত্যাখ্যান করতে হবে।

অফার সম্পর্কে আরও জানতে schools.nyc.gov/Middle দেখুন, যেখানে আমাদের মিডল্ স্কুলে ভর্তি বিষয়ক ভিডিওগুলো দেয়া আছে।

একটি মাইস্কুলস্ অ্যাকাউন্ট নেই? আপনি আপনার সন্তানের বর্তমান স্কুল কাউন্সিলরের কাছ থেকেও অফার পেতে পারেন। স্কুল কাউন্সিলারগণ আপনাকে আপনার [মাইস্কুলস্](#) অ্যাকাউন্ট সেট আপ বা ব্যবহার করাতেও সহায়তা করতে পারবেন।

প্রশ্ন আছে কি? সহায়তা দেয়ার জন্য আমরা আছি

- আপনার সন্তানের স্কুল কাউন্সিলরের সাথে কথা বলুন
- আমাদের 718-935-2009 নম্বরে ফোন করুন
- একটি [ফ্যামিলি ওয়েলকাম সেন্টার](#)-এর সাথে যোগাযোগ করুন—মেসেজ রাখার সময় অনুগ্রহ করে আপনার সন্তানের নাম, শেষ নাম এবং জন্মতারিখ উল্লেখ করবেন; এতে আমরা আপনাকে দ্রুত সহায়তাদানে সক্ষম হবো
- অপেক্ষা-তালিকা বা ওয়েটলিস্ট প্রকাশের পর, অপেক্ষা-তালিকা সম্পর্কিত প্রশ্নাবলী ও অনুরোধে সহায়তার পেতে waitlists@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন

আপনাকে ধন্যবাদ!

মিডল্ স্কুল অ্যাডমিশন্স টিম, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট